

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 18.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে ৬ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। ২৫
শে অক্টোবর পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল করা যাবে। ভোটগ্রহণ আগামী ১৩ ই নভেম্বর।
- ২) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষা এবং মেডিকেল কলেজ ও হাসপাতালগুলির
পরিকাঠামো উন্নয়নের অগ্রগতি পর্যালোচনায় রাজ্য সরকার আজ বৈঠক করেছে।

#আমরণ অনশন চালিয়ে যাওয়া চিকিৎসকদের শারীরিক অবস্থা সংক্রান্ত স্ট্যাটাস
রিপোর্ট প্রতিদিন স্বাস্থ্যভবনে পাঠানোর নির্দেশ।

- ৩) ক্ষমতায় এলে টাটা গোষ্ঠীকে রাজ্যে ফিরিয়ে আনা হবে বলে বিরোধী দলনেতা
শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।
- ৪) শিয়ালদা ইএসআই হাসপাতালে ভয়াবহ অগ্নিকাণ্ডে একজনের মৃত্যু।
- ৫) বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক দেব কুমার বসু প্রয়াত।
- ৬) মেট্রো রেল আগামী বছরের মধ্যে তাদের সব প্রকল্পের কাজ শেষ করা হবে বলে
জানিয়েছে।

রাজ্যের ছটি বিধানসভায় কেন্দ্রে উপনির্বাচনের জন্যে আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। নির্বাচনী আদর্শ আচরণবিধি বলবত হওয়ার সঙ্গে শুরু হয়েছে মনোনয়ন পত্র জমানেওয়ার কাজ। ২৫শে অক্টোবর পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। ২৮ তারিখ সেগুলি পরীক্ষা করে দেখা হবে। ৩০ তারিখ মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন। উল্লেখ্য আগামী ১৩ই নভেম্বর রাজ্যের হাড়োয়া, সিতাই, মাদারিহাট, নৈহাটি, তালডাংরা ও মেদিনীপুর আসনে উপনির্বাচনে ভোট নেওয়া হবে বলে নির্বাচন কমিশন ঘোষণা করেছে। ২৩ শে নভেম্বর ভোট গননা।

চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় রান্তিরের সাথী প্রকল্প এবং রাজ্যের মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলির পরিকাঠামোর উন্নয়নে নেওয়া বিভিন্ন কাজের অগ্রগতি নিয়ে রাজ্য সরকার আজ আবারও পর্যালোচনা বৈঠক করেছে। মুখ্যসচিব মনোজ পন্থ আজ পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব এবং আধিকারিকরা ছাড়াও তথ্য প্রযুক্তি বিভাগের কর্মীদের সঙ্গে দফায় দফায় বৈঠক করেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু না জানানো হলেও হাসপাতালগুলিতে সিসিটিভি বসানো, ওয়াশ রুম, বিশ্রাম কক্ষ, আলো, নিরাপত্তা রক্ষী নিয়োগ সহ বিভিন্ন বিষয়ে কাজের অগ্রগতি নিয়ে কথা হয়েছে বলে খবর।

উল্লেখ্য এইসব কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল কালীঘাটে তার বাসভবনে মুখ্যসচিব ও স্বাস্থ্য সচিবের সঙ্গে বৈঠক করেছিলেন। প্রসঙ্গত পরিকাঠামোগত বিভিন্ন কাজের জন্যে রাজ্য সরকার ১১৩ কোটি টাকা বরাদ্দ করেছে। সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে গত ১৫ই অক্টোবরের মধ্যে এই কাজ শেষ হয়ে যাবে বলে মুখ্যসচিব আগে জানিয়েছিলেন।

এদিকে, রাজ্য সরকার, ১০ দফা দাবী নিয়ে আমরন অনশন চালিয়ে যাওয়া চিকিৎসকদের শারীরিক অবস্থার খোঁজখবর নিতে প্রতিদিন স্বাস্থ্য ভবনে চালিয়ে যাওয়া স্টেটাস রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও সুপারকে অনশনরত জুনিয়র চিকিৎসকদের উপরে নজর রেখে তাদের শারীরিক অবস্থা নিয়ে দিনে অন্তত দুইবার স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, কলকাতা ও উত্তরবঙ্গ মিলিয়ে বর্তমানে ৫ জন চিকিৎসক অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। তাদের জন্যে মেডিক্যাল বোর্ড তৈরি করা হয়েছে। কোন চিকিৎপাত আছি হতে পরলে পাতটি মেনে মেচিত্যাল বোর্ড উরির নির্দেশও দেওয়া হয়েছে। কোনো চিকিৎসক অসুস্থ হয়ে পড়লে প্রতিটি ক্ষেত্রে মেডিকেল বোর্ড তৈরির নির্দেশও দেওয়া হয়েছে।

আরজি করে নির্যাতিতার জন্য ন্যায়বিচার এবং ১০ দফা দাবি আদায়ে জুনিয়র ডাক্তাররা আগামীকাল ‘ন্যায়বিচার যাত্রার’ ডাক দিয়েছেন। প্রাথমিক ভাবে জানা গিয়েছে, আগামীকাল দুপুর ২টোয় নিহত চিকিৎসকের বাড়ির এলাকা থেকে শুরু হবে এই কর্মসূচি। মিছিল যাবে ধর্মতলার অনশনমঞ্চ পর্যন্ত। ‘রিলে’ পদ্ধতিতে এগোবে ‘ন্যায়বিচার যাত্রা’। অনশনকারী চিকিৎসক রুমেলিকা কুমার বলেন,

বাইট

উল্লেখ্য, ধর্মতলার অনশনমধ্যে ‘আমরণ অনশন’ চালিয়ে যাচ্ছেন সাত জন জুনিয়র ডাক্তার। আজ অনশনের চতুর্দশতম দিন। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজেও অনশন করছেন এক জুনিয়র ডাক্তার।

এদিকে, রাজনৈতিক স্বার্থে অনশনকে ব্যবহার করা হচ্ছে বলে তৃণমূল কংগ্রেস মুখ্যপাত্র কুণাল ঘোষ মন্তব্য করেছেন।

বাইট

আরজি করে চিকিৎসকের ধর্ষণ-খনের ঘটনায় ময়নাতদন্তকারী চিকিৎসক অপূর্ব বিশ্বাসকে আজ আবার তলব করেছে সিবিআই। সিজিও কমপ্লেক্সে তিনি হাজিরা দিয়েছেন। এর আগেও একাধিক বার অপূর্ব বিশ্বাসকেও জিঞ্জাসাবাদ করা হয়েছে।

এদিকে সিবিআই আরজিকরের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মন্ডল কে আজ ফের শিয়ালদহ আদালতে তোলা হয়। সন্দীপ ঘোষের নার্কো টেস্ট এবং অভিজিত মন্ডলের পলিগ্রাফ টেস্টের অনুমতি চাওয়া হলেও দুজনেই আদালতে সম্মতি দেয়নি বলে জানা গেছে।

উল্লেখ্য সন্দীপ ঘোষ এবং অভিজিত মন্ডল দুজনেই বর্তমানে জেল হেফাজতে রয়েছে।

উত্তর দিনাজপুরের চোপড়ায় বছর ১১-র এক স্কুল ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক আত্মীয়ের বিরুদ্ধে। পরিবারের অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। জানা গেছে, ঘনিষ্ঠ এক আত্মীয়ের বাড়িতে ঐ নাবালিকা বেড়াতে

গিয়েছিল। চা বাগান দেখানোর নাম করে নিয়ে গিয়ে তাকে ধর্ষণ করা হয়। অভিযুক্তকে আজ ইসলামপুর আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

কিশোরী মেয়েকে মারধর ও তার শ্লীলতাহানির অভিযোগে বাবাকে গ্রেপ্তার করেছে পূর্ব বর্ধমানের শক্তিগড় থানার পুলিশ। তার বিরুদ্ধে পক্ষে আইনে মামলা রঞ্জু করা হয়েছে।

নদীয়ার কৃষ্ণনগরে তরুণীর মৃত্যুর তদন্তে নমুনা সংগ্রহ করতে আজ ফরেঙ্গিকের একটি দল কৃষ্ণনগরে যায়। জেলা পুলিশের পদস্থ কর্তাদের নিয়ে তাঁরা রামকৃষ্ণ মিশন আশ্রম পাড়ায় ঘটনাস্থলে গিয়ে বেশ কিছু নমুনা সংগ্রহ করেন।

এদিকে কৃষ্ণনগরের সাংসদ মহৱ্যা মৈত্র আজ ঐ তরুণীর বাড়িতে যান। পরিবারের লোকদের পাশে থাকার আশ্চাস দিয়েছেন তিনি। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেস্টার্সের একটি প্রতিনিধি দলও তরুণীর বাড়িতে যায়।

কলকাতা হাইকোর্ট উলুবেড়িয়ায় বিজেপির মিছিলে অনুমতি দিয়েছে। আগামী সোমবার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে এই মিছিল হওয়ার কথা। কিন্তু পুলিশ অনুমতি দিচ্ছে না এই অভিযোগ তুলে কলকাতা হাই কোর্টের দ্বারা হয়েছিলেন বিরোধী দলনেতা। বিচারপতি বিভাস পট্টনায়েকের বেঞ্চে শতাধীনে বিজেপি-কে মিছিলে অনুমতি দিয়েছে।

এদিকে শুভেন্দু অধিকারির নেতৃত্বে হৃগলীর সিঙ্গুরে আজ মিছিল করেছে বিজেপি। দাবি উঠেছে শিল্পায়নের। সাংবাদিকদের কাছে শুভেন্দু বাবু বলেন-

বাইট

শিয়ালদার ESI হাসপাতালে ভয়াবহ অগ্নিকাণ্ডে একজনের মৃত্যু হয়েছে। দোতলার অর্থপেডিক বিভাগে আজ ভোরে আগুন লাগলে, দ্রুত তা' ছড়িয়ে পড়ে। রোগী ও অন্যান্য সরঞ্জাম সরিয়ে নিয়ে যাওয়া হলেও ক্যান্সার আক্রান্ত উত্তম বর্ধন নামে ওই রোগীর ধোঁয়ায় দমকলের মৃত্যু হয়।

ওই বিভাগের আরও প্রায় ৮০ জন রোগীকে মানিকতলা হাসপাতালে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। শার্ট সার্কিট থেকেই এই অগ্নিকাণ্ড বলে দমকলের প্রাথমিক অনুমান।

দমকলের ১০-টি গাড়ি আড়াই ঘণ্টারও বেশী সময় পর আগুন আয়ত্তে আনে। দমকল মন্ত্রী সুজিত বসু খবর পেয়ে ঘটনাস্থলে যান। সেখানে যান মলয় ঘটক এবং পুলিশ কমিশনার মনোজ ভার্মা।

সুষ্ঠু যাত্রী পরিষেবার লক্ষ্যে মেট্রোরেল আগামী বছরের মধ্যে তাদের সব প্রকল্পের কাজ শেষ করবে বলে জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেডিডি জানিয়েছেন। মেট্রো রেল যাত্রার ৪০ বছর পূর্তি উপলক্ষে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, সব কিছু ঠিকঠাক থাকলে আগামী বছরের মধ্যে শহর ও শহরতলির ৯০ কিলোমিটার দীর্ঘ রেলপথে মেট্রো সম্প্রসারিত হবে।

বাইট

২০২৭ সালের মধ্যে মেট্রো এলাকা বেড়ে ১৩০ কিলোমিটার হবে বলে তিনি আশা প্রকাশ করেন। আগামী বছরের মধ্যে মেট্রো রেলকে নিউ গড়িয়া ও নোয়াপাড়া থেকে এয়ারপোর্টের সঙ্গে যুক্ত করারও পরিকল্পনা রয়েছে বলে তিনি জানান।

৪০ বছর পূর্তি উদযাপনকে স্মরণীয় করে রাখতে মেট্রো কর্তৃপক্ষ আগামী ২৪ শে অক্টোবর পর্যন্ত নানা দুর্গত ছবি, পুরনো টিকিট, স্মার্ট কার্ডের প্রদর্শনীর আয়োজন করবে। পাশাপাশি দেখানো হবে টেলিফিল্ম। শ্রী রেডিও আজ একটি লোগোর উদ্বোধনও করেছেন।

উল্লেখ্য ১৯৮৪ সালে ২৪ শে অক্টোবর কলকাতার ধর্মতলা থেকে নেতাজী ভবন পর্যন্ত তিনি দশমিক চার কিলোমিটার অংশে প্রথম মেট্রো চলাচল শুরু হয়।

শারদীয়ার অন্বকার থাকা গ্রাম আলো ঝলমলে হয়ে ওঠে লক্ষ্মী পুজোয়। মুর্শিদাবাদের কান্দির মনোহরপুরে দুর্গাপুজো নয়, কোজাগরী লক্ষ্মীই প্রধান উৎসব। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক দেব কুমার বসুর জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৯১ বছর। বাংলা চলচ্চিত্রের প্রবাদ পুরুষ দেবকী কুমার বসুর পুত্র দেব কুমার বসুর পরিচালনায় কলকাতা দূরদর্শনে বিবাহ অভিযান ধারাবাহিক বিপুল জনপ্রিয়তা লাভ করে। অসমীয়া ছবি সংগ্রামের মাধ্যমে চলচ্চিত্রে তাঁর হাতেখড়ি। ৭০-এর দশকে তাঁর

তৈরি মেইতেই ভাষায় মাতমগি মণিপুর, মণিপুরের ইতিহাসে প্রথম চলচ্চিত্র। ১৯৭২ সালে এই ছবি রাষ্ট্রপতি পুরস্কার পায়।

বার্ধক্য জনিত কারণে বেশ কিছুদিন ভুগছিলেন দেব কুমার বসু। আজ হাসপাতালে তাঁর মৃত্যু হয়। বর্ষায়ান পরিচালকের প্রয়াণে সমাজমাধ্যমে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এক্ষ হ্যান্ডেলে তিনি লেখেন, আপাদমস্তক সজ্জন শিক্ষিত মানুষ চলে গেলেন। নানা সমাজ সেবামূলক কাজে তিনি জড়িয়ে ছিলেন।

বৃষ্টির কারণে মাঠ ভিজে থাকায় কল্যানীর বেঙ্গল ক্রিকেট একাডেমিতে আজ বাংলা ও বিহারের মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেটের প্রথম দিনের খেলা বাতিল হয়ে গেছে। শেষবার বেলা ঢটের সময় মাঠ পর্যবেক্ষণ করার পর দিনের মতো খেলা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, এই ম্যাচটি প্রথম শ্রেণির ক্রিকেটে বাংলার ওপেনার অভিমন্ত্য ঈশ্বরণের শততম ম্যাচ। এদিন ঈশ্বরণকে সিএবির পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়।
